

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
সংস্থাপন শাখা
www.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০১.০০৫৬.২৬.

তারিখ: আশ্বিন ১৪৩৩
অক্টোবর ২০২৬

বিষয়: মঞ্জুরীকৃত অভোগকৃত ১১ (এগারো) দিনের অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) বাতিলের জন্য আবেদন।

সূত্র: জনাব আব্দুল্লাহ আল বাকিউল বারী (১৮২৮৫), উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুরের ০৪/১০/২০২৬ খ্রি.
তারিখের ০৫.৫৫.৮৫৭৬.০০০.০১.০৩৪.২৬.১২১৮ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আব্দুল্লাহ আল বাকিউল বারী (১৮২৮৫), উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর তাঁর বাবা-মায়ের চিকিৎসার নিমিত্ত বহিঃবাংলাদেশ (ভারত) গমনের লক্ষ্যে বর্ণিত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০ ০.১৩৯.০৮.০০০৬.২৬.৬০৮ নম্বর প্রজ্ঞাপনমূলে ১৮/০৯/২০২৬ খ্রি. তারিখ থেকে ২১ (একুশ) দিনের অথবা ছুটি ভোগের তারিখ হতে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (ভারত) অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। বর্ণিত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ের ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখের ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০১.০০৫৬.২৬.৭২১ নম্বর অফিস আদেশমূলে ২০/০৯/২০২৬ খ্রি. তারিখ হতে ২১ (একুশ) দিনের মঞ্জুরীকৃত বহিঃবাংলাদেশ (ভারত) অর্জিত ছুটি ভোগের জন্য ১৭/০৯/২০২৬ খ্রি. তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়। তিনি এবং তাঁর বাবা-মা ভারত গমনপূর্বক চিকিৎসা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে মঞ্জুরকৃত ২১ (একুশ) দিনের অর্জিত ছুটি থেকে ১০ (দশ) দিন অর্জিত ছুটি বহিঃবাংলাদেশ (ভারত) ভোগ শেষে ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখ পূর্বাহ্নে কর্মস্থলে যোগদান করেন। তার মঞ্জুরীকৃত ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (ভারত) অর্জিত ছুটি থেকে অভোগকৃত অবশিষ্ট ১১ (এগারো) দিনের ছুটি বাতিলের আবেদন মহোদয় বরাবর প্রেরণের লক্ষ্যে এ কার্যালয়ে দাখিল করেছেন।

এমতাবস্থায়, তাঁর দাখিলকৃত স্ব-ব্যাখ্যাত আবেদন ও অন্যান্য কাগজাদি সুপারিশসহ মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৬ (ছয়)..... পাতা।

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব
মাঠ প্রশাসন-২ শাখা

স্বাক্ষরিত
(ইসরাত জাহান)
জেলা প্রশাসক

রংপুর
ফোন : ০২৫৮৯৯-৬১০৪১ (অফিস)
ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০১.০০৫৬.২৬. ৮০০/১(৪)

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩
২৬ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। জনাব আব্দুল্লাহ আল বাকিউল বারী (১৮২৮৫), উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ০৩। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ০৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

২৬/১০/২৬
(ইসরাত জাহান)
জেলা প্রশাসক
রংপুর।